



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

আইন -১

www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫৩.২৪.৩৯৮

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১

৩০ এপ্রিল ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৪২৩৮/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: (১) ৪৬.০০.০০০০.০১৭.২৭.০০৭.১৫-৩৪৬, ইউপি-১ শাখা; তারিখ-২১/০৪/২০২৪ খ্রি.

(২) হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৪২৩৮/২০২৪-এর ০৮/০৪/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন ৫নং সহনাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব সালাহ উদ্দিন রুবেল-কে গত ০১/০৪/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০১৭.০২৭.০০.০০.০০৭.১৫-৩০৫ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার জনাব সালাহ উদ্দিন রুবেল সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৪২৩৮/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপনের কার্যকারিতা ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, জেলা প্রশাসক, ময়মনসিংহ-কে ৩নং এবং সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখা-কে ৪নং প্রতিপক্ষসহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৪২৩৮/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8811/potrojariAttachmentRef/53999/0/2240)

৩০-৪-২০২৪

এ. কে. এম. আনিছুজ্জামান

উপসচিব

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫৩.২৪.৩৯৮/১(৫)

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১

৩০ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৩০-৪-২০২৪

এ. কে. এম. আনিছুজ্জামান
উপসচিব